

১৭ জানুয়ারী ২০২৩ ইং তারিখ অনুষ্ঠিত বিএসপি'র সাধারণ সভার কার্যবিবরণী

১৭ জানুয়ারী ২০২৩ ইং তারিখ মঙ্গলবার সন্ধ্যা ৬.৩০ মিনিট বিএসপি'র এক সাধারণ সভা আহবায়ক কমিটির সভাপতি অধ্যাপক ফরিদা আদিব খানম এর সভাপতিত্বে ভার্চুয়াল প্ল্যাট ফরম (জুম) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংরক্ষিত।

সভার কার্যবিবরণীঃ

আলোচ্য সূচীঃ

- ১। ২৯/১২/২০২২ তারিখ অনুষ্ঠিত বিএসপি'র সাধারণ সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। নির্বাচন কমিশন গঠন
- ৩। বিবিধ।

আলোচ্য সূচী-১

২৯/১২/২০২২ তারিখ অনুষ্ঠিত বিএসপি'র সাধারণ সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচনা :

আহবায়ক কমিটির সভাপতি অধ্যাপক ফরিদা আদিব খানম উপস্থিত সদস্যদের সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি আহবায়ক কমিটি গঠন বিষয়ে আলোচনা করেন এবং এর অনুলিপি উপপরিচালক, সমাজ সেবা কার্যালয় প্রেরনের কথা সকলকে অবগত করেন। তিনি বিএসপি'র কার্যনির্বাহী পরিষদ (২০১৯-২০২০) এর সাধারণ সম্পাদক অধ্যাপক নিলুফার রহমানকে বিগত সভার কার্যবিবরণী পাঠ করার অনুরোধ জানান।

অধ্যাপক নিলুফার রহমান সকলকে সালাম জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। অধ্যাপক নূরজাহান বেগম এবং অধ্যাপক নাসিম জাহান বিগত কার্যবিবরণীতে SAAP-9 এর সাধারণ সম্পাদক বাংলাদেশ থেকে মনোনয়ন করা না হলে বাংলাদেশে SAAP-9 করা সমস্যা হবে কথাটি না লিখে করা সম্ভব হবে না কথাটি লিখে সংশোধন করার প্রস্তাব রাখেন। উপস্থিত সদস্যবৃন্দ প্রস্তাবটি সমর্থন করেন।

সিদ্ধান্ত : সংশোধনসহ বিগত সভার কার্যবিবরণী উপস্থিত সদস্যদের সম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচী-২

নির্বাচন কমিশন গঠন।

আলোচনা :

মাননীয় সভাপতি অধ্যাপক ফরিদা আদিব খানম বিএসপি-র গঠনতন্ত্র অনুযায়ী নির্বাচন পদ্ধতি বিষয়ে আলোচনা করেন। তিনি ০৩ (তিন) সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন (১ জন প্রধান নির্বাচন কমিশনার অপর

০২ (দুই) জন নির্বাচন কমিশনার) গঠনের উল্লেখ করেন। তিনি উপস্থিত সকলকে প্রধান নির্বাচন কমিশনার এর নামের আহ্বান করেন। অধ্যাপক নিলুফার রহমান প্রধান নির্বাচন কমিশনার হিসাবে অধ্যাপক সেলিনা বেগম এর নাম প্রস্তাব করেন। অধ্যাপক নূরজাহান বেগম সহ উপস্থিত সকলে অধ্যাপক নিলুফার রহমানকে সমর্থন করেন। পরবর্তীতে অধ্যাপক রোকেয়া বেগম এবং অধ্যাপক নাসিম জাহান নির্বাচন কমিশনার হিসাবে ডাঃ শামীমা সুলতানার নাম প্রস্তাব করেন। ডাঃ শামস রুহানী ইসলাম অপর নির্বাচন কমিশনার হিসাবে ডাঃ নাদিয়া মাহাসিনিল এর নাম প্রস্তাব করেন। আর কোন নামের প্রস্তাব না থাকায় উপরোক্ত ০২ জন এর নাম উপস্থিত সকলে সমর্থন করেন।

নিম্নে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন এর তালিকা

১। প্রধান নির্বাচন কমিশনার

অধ্যাপক সেলিনা বেগম

অধ্যাপক ফিজিওলজী, আজীবন সদস্য, বিএসপি,

প্রাক্তন চেয়ারম্যান, ফিজিওলজী বিভাগ, বিএসএমএমইউ,

প্রাক্তন প্রধান নির্বাচন কমিশনার, বিএসপি

২। ডাঃ শামীমা সুলতানা

সহযোগী অধ্যাপক, ফিজিওলজি, বিএসএমএমইউ

সদস্য, বিএসপি।

৩। ডাঃ নাদিয়া মাহাসিনিল

প্রভাষক, ফিজিওলজি

কর্নেল মালেক মেডিকেল কলেজ।

সিদ্ধান্তঃ উপরোক্ত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন উপস্থিত সদস্যদের সম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচী-৩

বিবিধ।

আলোচনা :

অধ্যাপক নূর জাহান বেগম, অধ্যাপক নাসিম জাহান সহ উপস্থিত সকলে নির্বাচন কমিশন এর সদস্যদের স্বাগত জানান এবং একটি সুষ্ঠু নির্বাচনের আশা ব্যক্ত করেন।

মাননীয় সভাপতি মনোনীত নির্বাচন কমিশনারদের কিছু বলার জন্য আহ্বান করেন। মনোনীত প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক সেলিনা বেগম সবার সমর্থনকে শ্রদ্ধা ও ধন্যবাদ জানান এবং তিনি অতীতে সুষ্ঠু সুন্দর নির্বাচন করেছেন এবারও সুষ্ঠু সুন্দর নির্বাচনে সকলের সহযোগিতা কামনা করেন।

ডাঃ নাদিয়া মাহাসিনিল বলেন, অধ্যাপক সেলিনা ম্যাডাম পূর্বেও বিচক্ষণ ভাবে নির্বাচন করে এসেছেন। উনার সঙ্গে নির্বাচনে কাজ করার সুযোগ পেয়ে সকলকে ধন্যবাদ জানান এবং সুষ্ঠু নির্বাচনের জন্য সকলের সহযোগিতা আশা করেন।

ডাঃ শামস রুহানী ইসলাম সুষ্ঠু নির্বাচন করে স্বপ্নের বিএসপি কে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার কথা বলেন। অধ্যাপক রোকেয়া বেগম বলেন, মুখে শুধু স্বপ্নের বিএসপি বললে হবে না, কাজে, কর্মে দেখাতে হবে, কাজ করে বিএসপিকে এগিয়ে নিয়ে যেতে হবে। তিনি আরো বলেন, ডাঃ শামস রুহানী বিএসপি-র জন্য স্বতঃস্ফূর্ত ভাবে কাজ করে যাচ্ছেন, যে কোন কাজে তিনি এগিয়ে আসেন, অন্য সবাই যদি এভাবে এগিয়ে আসে তাহলে উন্নত বিএসপি'র আরো অনেক অগ্রগতি অবশ্যই হবে।

অধ্যাপক নূরজাহান বেগম, অধ্যাপক নিলুফার রহমান প্রাণের বিএসপি যেন প্রাণেই থাকে লোক দেখানোর জন্য না হয় বলে উল্লেখ করেন।

অধ্যাপক ফরিদা আদিব খানম গঠিত নির্বাচন কমিশনের সদস্যদেরকে স্বাগত জানান। তিনি বিএসপি'র গঠনতন্ত্র অনুযায়ী যোগ্য এবং সকলের গ্রহণযোগ্য সদস্যদের নিয়ে বিএসপি'র কার্যনির্বাহী পরিষদ গঠনের পরামর্শ দেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

অধ্যাপক ফরিদা আদিব খানম

সভাপতি,

আহবায়ক কমিটি, বি এস পি

অনুলিপিঃ

- ১। নিবন্ধী করন কর্তৃপক্ষ ও উপ পরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, আজিমপুর, ঢাকা।
- ২। বিএসপি-র সকল সদস্য- ইমেলের মাধ্যমে।
- ৩। সদস্য, নির্বাচন কমিশন।
- ৪। ওয়েব সাইট, বিএসপি।
- ৫। অফিস কপি।

তারিখঃ ১৮.জানুয়ারী, ২০২৩ ইং

নিবন্ধী করন কর্তৃপক্ষ

ও

উপ পরিচালক

জেলা সমাজ সেবা কার্যালয়

আজিমপুর, ঢাকা।

বিষয় : বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস্ (বিএসপি) এর নির্বাচন কমিশন গঠন প্রসঙ্গ।

জনাব,

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৭ জানুয়ারী, ২০২৩ ইং তারিখ বিএসপির একটি সাধারণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ০৩ সদস্য বিশিষ্ট বিএসপির নির্বাচন কমিশন গঠন করা হয়।

সভার কার্যবিবরণী আপনার অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদ সহ

অধ্যাপক ফরিদা আদিব খানম

সভাপতি,

আহ্বায়ক কমিটি, বিএসপি